# Times Today BD

আজিজুল ইসলাম বারী | দেশজুড়ে | 05 June, 2025

লালমনিরহাটের কালীগঞ্জে শ্যালিকার হাতে খুনের শিকার হয়েছে দুলাভাই দুলু মিয়া (৩৫)।বোনকে পরকীয়ার সন্দেহ করায় ক্ষিপ্ত হয়ে দুলাভাই দুলু মিয়াকে কাপড় কাটা কাচি দিয়ে হত্যা করেন শ্যালিকা চাঁদনী।

বৃহস্পতিবার সকালে এমন ঘটনা ঘটে ওই উপজেলার ভোটমারী হাজরানীয়া সদর পাড়া এলাকায়।দুলু মিয়া ওই এলাকার শওকত আলীর পুত্র এবং শ্যালিকা এস এস সি পরীক্ষার্থী চাঁদনী একই এলাকার মোকছেদুর রহমানের কন্যা।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, দুলু মিয়া বুধবার সন্ধ্যায় বাড়ি গিয়ে দেখে তার স্ত্রী মনি বেগম মোবাইল ফোনে কারো সাথে কথা বলছেন।দুলু মিয়াকে দেখা মাত্র মোবাইল থেকে নাম্বার ডিলিট করেন তার স্ত্রী মনি বেগম।এ নিয়ে স্বামী-স্ত্রীর মধ্যে তর্ক শুরু হয়।এতে ক্ষিপ্ত হয়ে শ্যালিকা চাঁদনী তার হাতে থাকা কাপড় কাটা কাচি দিয়ে দুলাভাই দুলু মিয়ার গলায় আঘাত করে।পরে স্থানীয় লোকজন তাকে উদ্ধার করে প্রথমে কালীগঞ্জ হাসপাতালে পরে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করান।সেখানে চিকিৎসাধীন অবস্থায় বৃহস্পতিবার সকালে তার মৃত্যু হয়।ঘটনার পর পরেই পালিয়ে যায় শালিকা চাঁদনী।

কালীগঞ্জ থানার ওসি সেলিম মালিক এ ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, আইনী ব্যবস্থা নেয়া হচ্ছে পাশাপাশি অভিযুক্ত চাঁদনীকে গ্রেফতারের চেষ্টা চলছে।

লালমনিরহাট পরকীয়া দুলাভাই

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 09:00

URL: https://www.timestodaybd.com/across-the-country/3366235452